গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-৯১৫৪ তারিখ ঃ ১৬/১১/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ** <u>রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে</u> ।

রাজৈর উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ২৩ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আনিসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা.................................. কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), .........................ইউপি, রাজৈর।
জনাব.........................................................................
..................................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র
cauzpraioir@gmail.com/
সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

# উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী

সভাপতি

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর

স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স, রাজৈর, মাদারীপুর।

তারিখ : ২৩/১১/২০২২ খ্রিঃ। সময় : সকাল ১১.০০ ঘটিকা

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা হয়।

০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলঃ- (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের মাসিক সম্মানী ভাতা ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা, উপজেলা পরিষদের কর্মচারীর অক্টোবর-২০২২ খ্রিঃ মাসের বেতন ভাতা ৩২,৫৫০/- (বত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা, এছাড়াও উপজেলা পরিষদের মাসিক বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে মাসিক মনোহরী/আনুষঙ্গিক (কাগজ, কলম, পত্রিকা বিল ইত্যাদি) মালামাল ক্রয় বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, উপজেলা পরিষদের মাসিক ইন্টারনেট বিল ২,০০০/- (দুই হাজার) টাকা। উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত- উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র ১৬.০২.২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর "প" নং অনুচ্ছেদ মোতাবেক জরুরীভিত্তিতে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত উপজেলা চেয়ারম্যানের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং অন্যান্য আবাসিক ভবন ও বিভিন্ন সরকারি দপ্তরের রাত্রিকালীনসহ সার্বক্ষনিক নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদকে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি) আওতায় আনা হয়েছে। উক্ত ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি) স্থাপন ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দ্রুত পরিশোধ করার জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত- উল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর জানান যে, আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজটি বাস্তবায়নের জন্য ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। কাজটি টেন্ডারের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করতঃ মেসার্স সরদার ট্রেডার্স, রাজৈর, মাদারীপুরকে ১৪,১৫,০০০.০০ (চৌদ্দ লক্ষ পনের হাজার) টাকা চুক্তিমূল্যে কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি বাস্তবায়নকালে ফ্লোরে বালু ভরাট ও ব্রিক সোলিং এর কাজ বৃদ্ধি পায় এবং উক্ত বালু ভরাট ও ব্রিক সোলিং বাবদ চুক্তি মূল্যের অতিরিক্ত ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা প্রয়োজন হবে। অর্থাৎ স্কীমটি বাস্তবায়নের জন্য মোট ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা প্রয়োজন হবে। সভায় সিদ্ধান্ত হলে স্কীমটি ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্কীমটির কাজ সমাপ্ত করা যেতে পারে। বিষয়টি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।

সিদ্ধান্ত- উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ- (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর সভায় জানান যে, নিম্নবর্ণিত প্রকল্পগুলি ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উন্নয়ন তহবিল হতে অনুমোদিত সভাপতি ও সাধারণ সম্পাদক দ্বারা পূর্ণাঙ্গ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।

সেলিনা হাফিজিয়া মাদ্রাসার ২য় তলায় টাইলস স্থাপন ও রং করণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব রেশমা আক্তার, সংরক্ষিত ইউপি সদস্য, হোসেনপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মিলন মিঞা, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

আমগ্রাম উত্তরপাড়া মরামী বাড়ির সামনে খালের উপর বক্স কার্লভার্ট নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব জুয়েল মিয়া, ইউপি সদস্য, আমগ্রাম ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব কেশব বাড়ৈ, ইউপি সদস্য (সাবেক) | সাধারণ সম্পাদক | |

আলমদস্তার ইমরান কাজীর বাড়ির সামনে খালের উপর বক্স কার্লভার্ট নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব ভুট্টু বেপারী, ইউপি সদস্য, বদরপাশা ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মনিরুজ্জামান লাভলু, রাজনীতিবীদ | সাধারণ সম্পাদক | |

বদরপাশা মন্নু মাতুব্বরের বাড়ির পাশের রাস্তায় খালের উপর বক্স কার্লভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মাহাবুব হাওলাদার, ইউপি সদস্য, বদরপাশা ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব লিটন খান, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

মজুমদারকান্দি সামাদ মোল্লার বাড়ি হতে আলমগীর শেখের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব চায়না বেগম, সংরক্ষিত ইউপি সদস্য, রাজৈর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মাসুদ মোল্লা, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

আমগ্রাম ইউনিয়নের বিভিন্ন স্থানে গভীর নলকূপ স্থাপন -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব সুভাষ চন্দ্র সরকার, চেয়ারম্যান, আমগ্রাম ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মেরী বিশ্বাস, সংরক্ষিত ইউপি সদস্য, আমগ্রাম ইউপি | সাধারণ সম্পাদক | |

হরিদাসদী যাত্রী ছাউনি সংলগ্ন পুকুরপাড়ে ঘাটলা নির্মাণ -২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব রেজাউল করিম, চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব গিয়াস উদ্দীন হাওলাদার, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

শাখারপাড় প্রতিবন্ধি স্কুলের রাস্তার মোড় হতে আঃ রব মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মোশারফ মোল্লা, চেয়ারম্যান, ইশিবপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব সামসুল হক মোল্লা, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

হাসানকান্দি পাকা রাস্তা হতে মিলন শরীফের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব নূর ইসলাম, ইউপি সদস্য, ইশিবপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মিলন শরীফ, গন্যমান্য | সাধারণ সম্পাদক | |

রাজৈর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব নাসির ভুইয়া, ইউপি সদস্য, ইশিবপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর | সাধারণ সম্পাদক | |

সতশিয়াবাড়ি বাচ্চু জমাদ্দারের বাড়ি হতে হানিফ মল্লিকের বাড়ি পর্যন্ত ইটের সোলিং রাস্তা মেরামত-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রঃ | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শাজাহান মোল্লা, চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব তারামিয়া জমাদ্দার, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

সাতবাড়িয়া মিঞা বাড়ির রাস্তা সিসি করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

| ক্রম | নাম | গঠিত কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব খাদিজা বেগম, সংরক্ষিত ইউপি সদস্য, ইশিবপুর ইউপি | সভাপতি | |
| ০২ | জনাব মিলন মিঞা, সমাজসেবক | সাধারণ সম্পাদক | |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন যে, গত ২৭.০৭.২০২২ খ্রি তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভায় অনুমোদিত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আরএফকিউ "ক" নং অনুচ্ছেদের "৪" নং প্রকল্প "চৌরাশী বড় কাকবাজখীল হতে বৈদ্য বাড়ির রাস্তায় নাসির হাওলাদারের বাড়ির সামনে খালের উপর বক্স কালভার্ট নির্মাণ-২,০০,০০০/-" (দুই লক্ষ) টাকা এর পরিবর্তে খালিয়া ইউনিয়নের পশ্চিম জয়মঙ্গল সিদ্দিক মৃধার বাড়ির সামনে পূর্বপাশে খালের উপর বক্স কালভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান, রাজৈর এর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৪। বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমঃ

(ক) উপজেলা কৃষি বিভাগঃ- উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর জানান যে, রাজৈর উপজেলায় ইউরিয়া মাসিক ১২৮ মে. টন, ডিএপি মাসিক ৭০ মে. টন, টিএসপি ০৯ টন এবং এমওপি মাসিক ১৪ মে. টন বরাদ্দ রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

বহিঃ বিভাগে সেবাদানকৃত রোগীর সংখ্যাঃ ১১০৪৯ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৪৫২ জন, অন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ৯২৪ জন, সিজারিয়ান অপারেশন ০৬ জন, স্বাভাবিক প্রসব ১৮ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৭৭ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা ০৩ জন, শয্যা ব্যবহারের হার ১৩২.১১%, মৃত্যুর হার .৩৬%, রোগীর গড় অবস্থান ২.২৪ দিন, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৫২১ জন, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৪৮৯২ জন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(গ) প্রানি সম্পদ বিভাগঃ- উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজৈর নিম্নবর্ণিতভাবে তাঁর বিভাগীয় কর্মকান্ড উপস্থাপন করেন।

গবাদি পশুর টিকা প্রদান ২৬৪০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান ৩০০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা সেবা প্রদান ১৪৫৪ টি, হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান ২১৬৮৭ টি, পোষা প্রানির চিকিৎসা প্রদান ০৮ টি, কৃত্রিম প্রজনন ৫৮৯ টি, সংকর জাতের বাছুরের তথ্য ২৫৬ টি, গবাদি পশুর খামার স্থাপন ০ টি, হাঁস মুরগির খামার স্থাপন ০১ টি, খামার পরিদর্শন ০৮ টি, উঠান বৈঠকের আয়োজন ০৪ টি, প্রানিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ০ জন, উন্নত জাতের ঘাসের চাষ ০১.৫ একর। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঘ) স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)ঃ- উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে দ্রুত প্রকল্প গ্রহণের সদয় নির্দেশনা রয়েছে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।

(ঙ) উপজেলা ত্রাণ ও পুনর্বাসন শাখাঃ- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ১২৮ জন নদী ভাঙনে ক্ষতিগ্রস্থদের প্রতিজনকে নগদ ৮০০/- (আটশত) টাকা ও ৩০ কেজি চাল বরাদ্দ পাওয়া গেছে। আগামী সপ্তাহে ক্ষতিগ্রস্থদের মাঝে বিতরণ করা হবে। ১ কিঃ মিঃ রাস্তা বরাদ্দ পাওয়া গেছে। শেখ রাসেল মহাবিদ্যালয়ের ফ্লাড সেন্টার নির্মাণ কাজ ইজিপিতে টেন্ডার করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(চ) উপজেলা শিক্ষা বিভাগঃ- উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার্থীদের উপবৃত্তি তথ্য এন্ট্রি, অনুমোদন, ফাইনাল সাবমিট ও সংশোধন প্রক্রিয়া চলমান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রস্তুত কার্যক্রম চলমান। ১৩তম গ্রেডের বকেয়া প্রদান, শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, গত ১৬.১১.২০২২ হতে ১৭.১১.২০২২ অত্র উপজেলায় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও ৭ম বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা ও ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয় এবং বিজয়ীদের যথাসময়ে জেলা পর্যায়ে অংশগ্রহণের জন্য বলা হয়েছে। গত ০৬/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে এইচ এস সি/আলিম/বিএম পরীক্ষা ০৫ টি কেন্দ্রে (এইচ এস সি/আলিম/বিএম-০৩ টি ও আলিম-০১ টি) উপজেলা নির্বাহী অফিসারের পরিচালনায় নকলমুক্ত পরিবেশে শুরু হয়েছে । এনসিটিবি'র ওয়েবসাইটে লিংকে দিয়ে বিষয়ভিত্তিক শিক্ষকদের ট্রেনিং এর জন্য নামের তালিকা চাওয়া হয়েছে। তালিকা চলমান। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর, মাদারীপুর।

(জ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেনঃ

| খাবার বড়ি | | ইনজেকটেবলস | | কনডম | | আইইউডি | | ইমপ্লান্ট | | স্থায়ী পদ্ধতি | | গ্রহণকারীর হার CAR |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | মাসিক লক্ষমাত্রা | অর্জন | |
| ১৫৭২ | ৮০৫ | ৭৬৬ | ২৩৬ | ২৮২ | ৬১ | ৫৫ | ০১ | ১১১ | ৩৩ | ১৬ | ১২ | ৭৬% |

মোট সক্ষম দম্পতি ৪৮৬৩৩ জন, গ্রহনকারী ৩৬৮২৯ জন। এছাড়া, সপ্তাহে সোমবার উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সে বন্ধ্যাত্বকরণ ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঝ) উপজেলা সমাজসেবা বিভাগঃ- উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে অতিরিক্ত প্রাপ্ত প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের নতুন ভাতাভোগী অনলাইনে আবেদন অনুযায়ী বাছাই করা হয়েছে। আর এস এস খাতে ৩০০০০০/- (তিন লক্ষ) টাকা বিনিয়োগ করা হয়েছে। আর এম সি (পল্লী মাতৃকেন্দ্র) খাতে ১৪৮৫০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা বিনিয়োগ করা হয়েছে। বিভিন্ন প্রকল্প গ্রামে আর এস আর এমসি ও দগ্ধ ও প্রতিবন্ধী খাতে ৪৬৬০০০/- (চার লক্ষ ছিষট্টি হাজার) টাকা পুনঃ বিনিয়োগ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঞ) উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা। মোট ঋণ বিতরণ ৩৩০৭২৫০০/- টাকা। আদায়যোগ্য আসল ২৯০৬৫৩৩৯/- টাকা। আদায়কৃত আসল ২৮৮৫৭৪৬৯/- টাকা। ঋণ আদায়ের হার ৯৯.২৮%। মোট ঋণ খেলাপী ২২৭৮১২/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ২৯ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩২৯ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহীতার সংখ্যা (পুঃ ৬+মঃ ১৬) ২২ জন, যুব ঋণ বিতরণ ১০৩০০০০/- ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৪৮+মঃ ৪১২৪) ৬২৭২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০২৫+মঃ ১৯৯৪) ৩০১৯ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৪৪০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৩১৬৫০০০/- টাকা, আদায়কৃত আসল ৩১৬৫০০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩১৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৭১+মঃ ১৪৪) ৩১৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ- ৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৩২৩৩/-টাকা, আদায়ের হার ৯২%।

মোট কর্মীর সংখ্যা ১৫ জন। ২০২১-২২ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২১-২২ অর্থবছরে আ.[illegible]র্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্তঃ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ট) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ- উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈর, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

| বিবরণ | লক্ষ্যমাত্রা | | অর্জন | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | মাসে | বছরে | মাসে | বছরে | | |
| সমিতি/দল গঠন | ০ | ০৪ | ১ | ১ | ২৫% | |
| সদস্য/সদস্যা ভর্তি | ৪৯ | ১৮০ | ৬৪ | ১১৭ | ১৩০% | |
| শেয়ার আদায় | .০৬ | .৮০ | .০৪ | .০৯ | ৬৬% | |
| সঞ্চয় আদায় | ৫.২৯ | ৬১.৪০ | ৭.৮৪ | ১৮.৭২ | ১৪৮% | |
| ঋণ বিতরণ | ১৪০.০০ | ১৬৬৭.১৪ | ১৬৩.১৬ | ৫৩৪.৯৭ | ১১৬% | |
| ঋণ আদায় | ২৭২.৫০ | ১৫২০.০৯ | ১৫৪.০২ | ৩৬৭.৯২ | ৫৭% | |
| প্রশিক্ষণ | ৫০ জন | ১৭৫০ জন | ৭৩ | ১২৩ | ১৪৬% | |

প্রকল্প গ্রহণঃ- মৎস্য চাষ- ৭৮ টি, গরু মোটাতাজাকরণ- ৫৪ টি, হাঁস মুরগি পালন- ৮৭ টি, সবজি চাষ- ১১০ টি, ক্ষুদ্র ব্যবসা- ৯৭ টি ও কৃষি কাজ- ৮০ টি। সর্বমোট-৫০৫ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ঠ) উপজেলা সমবায় বিভাগঃ- উপজেলা সমবায় কর্মকর্তা তার বিভাগীয় কাজের অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেনঃ-

| ক্রম | বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সমবায় সমিতির সংখ্যা | বিভাগীয় কেন্দ্রীয় | বিভাগীয় প্রাথমিক | | পাউবোর কেন্দ্রীয় | পাউবোর প্রাথমিক |
| | | ০২ টি | ২২৭ টি | | ০১ টি | ১৭৯ টি |
| ০২ | অডিট সংক্রান্ত | অডিট বরাদ্দ | অডিট সম্পন্ন | | | |
| | | ২২৭ টি | ৮৩ | | - | - |
| ০৩ | অডিট ফি | অডিট ফি ধার্য | অডিট ফি আদায় | | - | - |
| | | ৩৫২৫০/- | ৩৫২৫০/- | | - | - |
| ০৪ | সমবায় উন্নয়ন তহবিল | ধার্য | আদায় | | - | - |
| | | ৩৭৫৬৭/- | ৩৭৫৬৭/- | | - | - |
| ০৫ | গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (কেউজ-২) | ঋণ বিতরণ (ক্রমপুঃ) | ঋণ আদায় (ক্রমপুঃ) | | সার্ভিস চার্জ আদায় | ঋণ পাওনা |
| | | ৪,৭৫,০০০/- | ৩৮৫২৫০/- | | ২৬,১৬০/- | ৮৯৭৫০/- |
| ০৬ | দুগ্ধ প্রকল্প | ঋণ বিতরণ | ঋণ আদায়যোগ্য | আদায়যোগ্য হয়নি | ঋণ আদায় | সার্ভিস চার্জ আদায় |
| | | ৪৬৩.০০ | ৪২৭.৭৪ | ৩৫.২৬ | ২৫৭.১৫৫ | ৩১.০৫৪ |

দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমবায় অফিসার, রাজৈর, মাদারীপুর।

(ড) নির্বাচন বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ঢ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ- উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প | ২০২০-২১অর্থবছরে ২০০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে । | কাজটি ৯০%সম্পন্ন হয়েছে। কাজটি চলমান আছে। |
| ২। | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প। | ২০২০- ২১অর্থবছরে ২৮৬ টি গভীর নলকূপ এবং ২০২১-২২ অর্থ বছরে ২৮৬টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে | ২০২১-২২ অর্থবছরে ৯৬% কাজ সম্পন্ন হয়েছে কাজ চলমান আছে। |
| ৩। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজৈর উপজেলা অফিস। | পুরাতন ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় অফিস কার্যক্রম ব্যাহত হচ্ছে। পুরাতন বাসভবন এবং বর্তমান চলমান অফিস বাসভবন এর মাঝে একটি নতুন ভবন নির্মাণকাজ চলমান রয়েছে। | ভবন নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে। |

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।

(ণ) উপজেলা মৎস্য বিভাগঃ- উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে। ১লা নভেম্বর হতে জাটকা সংরক্ষণ অভিযান চলমান রয়েছে। নিবন্ধিত জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। দেশীয় প্রজাতীর মাছের প্রজনন মৌসুমে মা মাছ রক্ষার্থে ক্ষতিকর জাল (চায়না জাল, কারেন্ট জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান পরিচালিত হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ও মৎস্য সম্প্রসারণমূলক কাজ উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। সকলের সহযোগিতা কামনা করা হয়।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ত) উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(থ) উপজেলা বন বিভাগঃ- উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র, রাজৈর এর আওতায় রাজৈর বড় ব্রীজ হতে টৌযারীবাড়ির মন্দির পর্যন্ত ২০০১-২০০২ সনে ১০.০০ কিঃ মিঃ টৌযারীবাড়ি উচ্চ বিদ্যালয় হতে মন্টু লালের বাড়ি পর্যন্ত ২০০১-২০০২ সনের ১.৬০ কিঃ মিঃ এবং টৌযারিবাড়ি পাঁকা রাস্তা হতে আমগ্রাম বিন্দা বাড়ের বাড়ি পর্যন্ত ২০০১-২০০২ সনের ৩.৪০ কিঃ মিঃ সংযোগ সড়ক বাগানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বৃক্ষাদী নিলামে বিক্রয়ের উপর আলোচনা করা হয়। এছাড়া রাজৈর উপজেলা পরিষদ চত্বরের বিভিন্ন স্থানে রেইনট্রি ০১ টি, মেহগনী ০১ টি গাছ উপড়ে পড়া, ঝুকিপূর্ণ ও বিভিন্ন স্থানে কাটা ২৯ টুকরা পুরাতন গাছের গুড়ি পঁচে নষ্ট হয়ে যাওয়ার উপক্রম হওয়ায় জরুরীভিত্তিতে নিলামে বিক্রয় করা প্রয়োজন। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।

সিদ্ধান্তঃ উপস্থাপিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তা, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(দ) উপজেলা পরিসংখ্যান বিভাগঃ- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, নভেম্বর/২২ মাসে অফিসের কাজ চলমান রয়েছে। এছাড়াও অফিসের বিভিন্ন মাসিক রিপোর্ট জেলা পরিসংখ্যান অফিস, মাদারীপুরে প্রেরণ করা হয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।

(ধ) উপজেলা হিসাবরক্ষণ অফিসঃ কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ন) উপজেলা খাদ্য বিভাগঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

২৩/১১/২০২২ খ্রিঃ তারিখের টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের মজুদ- ক) চাল ঃ ৬৭০৭.০৪৫ মেঃ টন, খ) গম ঃ ৫৫২.০৪৪ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ২২৩৭২০ খানা। সরকার এ বছর অভ্যন্তরীণ ভাবে আমন মৌসুমে রাজৈর উপজেলা হতে ৩২১২.০০০ মেঃ টন সিদ্ধ চাল এবং ২৫৬.০০০ মেঃ টন ধান সংগ্রহ করবে। আমন চাল চুক্তিবদ্ধ মিলারের নিকট হতে এবং কৃষকদের নিকট হতে অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ করা হবে। চালের ক্রয় মূল্য ৪২/- (বিয়াল্লিশ) টাকা এবং ধানের ক্রয়মূল্য ২৮/- (আটাশ) টাকা। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুরকে উপ-সহকারী কৃষিকর্মকর্তাদের মাধ্যমে, কৃষকেরা অ্যাপ ব্যবহার করে, কৃষকদের আবেদন করণে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২০ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ সুবিধাভোগীদের মধ্যে যাচাইকৃত/ অনুমোদনকৃত ৬,৮২১ টি কার্ডের বিপরীতে ২০৪.৬৩০ মেঃ টন চাল নভেম্বর/২২ মাসে বিলি বিতরণ কার্যক্রম চলমান আছে। প্রতি কেজি ১৫ টাকা দরে ৩০ কেজি চাল বিক্রয় করা হচ্ছে। প্রতি বছর এ কার্যক্রমের আওতায় মার্চ, এপ্রিল, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এই ০৫ (পাঁচ) মাস চলমান থাকে। খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন উদ্যোক্তার মাধ্যমে অনলাইনে দ্বিতীয় পর্যায়ের কার্ড যাচাই চলমান আছে। এ পর্যায়ে বাদপড়া/ বাতিলকৃত ভোক্তাদের পরিবর্তে নতুন ভোক্তার তালিকা যাচাই কার্যক্রম চলছে। শুধুমাত্র খালিয়া ইউনিয়নের দ্বিতীয় পর্যায়ে বাদপড়া তালিকা পাওয়া যায় নাই। এতে ৬৯ জন দরিদ্র জনগোষ্ঠী সরকারের খাদ্য সহায়তা হতে বঞ্চিত হচ্ছে। রাজৈর পৌরসভায় প্রতিদিন (শুক্র, শনি ও সরকারি ছুটি ব্যতীত) খোলা বাজারে মোট ০৩টি ডিলার- প্রত্যেক ডিলারের মাধ্যমে ১.০০০ মেঃ টন করে সর্বমোট ৩.০০ মেঃ টন চাল বিক্রয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ স্বাভাবিকভাবে চলছে। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ক্ষুদ্র গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।

(প) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)ঃ- উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, রাজৈর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ- উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, রাজৈর, মাদারীপুর।

(ক) বিদ্যুৎ বিভাগঃ- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর বিদ্যুৎ বিভাগের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

(১)২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-০৫ কিঃ মিঃ. (২) নতুন গ্রাহক সংযোগ (অক্টোবর-২০২২)ঃ- আবাসিক-১৫০ টি, বানিজ্যিক-২৫ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০৩ টি, শিল্প-০৫ টি, সেচ-০, অটো চার্জ স্টেশন-০, অন্যান্য-০১, মোট-১৮৪ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭২৭৮৪ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া অক্টোবর-২০২২ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ১৬১১৮৫৮১/- টাকা।

সিদ্ধান্ত- বিভাগীয় কার্যক্রমে আরও অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে- ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।

(খ) আমার বাড়ি আমার খামারঃ- সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রাজৈর নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্রমিক নং | উপজেলার নাম | সমিতির সংখ্যা | সদস্য সংখ্যা | সঞ্চয় আমানত | | | উৎসাহ ও বোনাস প্রাপ্তি | ঋণ তহবিল প্রদান | সমিতির মোট তহবিল | প্রকল্পের মোট তহবিল | বার্ষিক লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | ৩ মাসের বার্ষিক | ক্রমপুঞ্জি | | | | | |
| ০১ | রাজৈর | ২২২ | ১০৪২৫ | ১.৬৩ | ৫.২০ | ৫৩২.৮৬ | ৩৫৯.৭৬ | ৫৬৮.৪০ | ৯৫৮.১৬ | ১৪৯২.১৬ | ১৬.৪৪ |

| ঋণ বিতরণ | | | | | বার্ষিক আদায়যোগ্য | ঋণ আদায় | | | | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | মোট পাওনা ঋণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমপুঞ্জি | | লক্ষ্যমাত্রা | মাসিক | বার্ষিক | হার | ক্রমপুঞ্জি | | | | | |
| ১.৩৭ | ১০২.১৫ | ২৫২.৮০ | ৪১% | ৫৮৮০.৭২ | ১৯.৯৯ | ১.৬৫ | ১১৩.২০ | ২৮২.১৩ | ৪০% | ৪২৭৩.৫০ | ৫০৬.৪৫ | ১৫৭.৯৮ | ৭৬.০৪ | ৩৪৭.৩৭ | ১৬০৬.৮৫ |

বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্তঃ বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রাজৈরকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রাজৈর, মাদারীপুর।

(গ) উপজেলা দারিদ্র্য বিমোচন বিভাগঃ- কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।

(ঘ) উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(ইউডিএফ)ঃ- ইউডিএফ,রাজৈর, মাদারীপুর সভায় বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে "প্রতিবন্ধীকল্যানসংস্থা ও বিদ্যালয়েরএকটি শ্রেণীকক্ষ ও ওয়াশব্লকনির্মাণএবংস্বরমঙ্গল টেকেরহাট রশীদিয়া কামিল মাদ্রাসায় একটি ওয়াশব্লক নির্মাণ" কাজটি সম্পন্ন করে সংশ্লিষ্ট ঠিকাদার চূড়ান্ত বিল পাওয়ার জন্য বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল সঠিক আছে। সংশ্লিষ্ট ঠিকাদারকে বর্ণিত বিলের টাকা পরিশোধ করার নিমিত্তে উক্ত বিল অনুমোদনের প্রস্তাব করেন। প্রকল্পের বিবরণ নিম্নরূপ ঃ

০১। প্রতিবন্ধী কল্যান সংস্থা ও বিদ্যালয়ের একটি শ্রেণীকক্ষ ও ওয়াশব্লক নির্মাণ এবং স্বরমঙ্গল টেকেরহাট রশীদিয়া কামিল মাদ্রাসায় একটি ওয়াশব্লক নির্মাণ।

| উপ প্রকল্পের নং | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়করসহ) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান(ভ্যাট ও আয়করসহ) | পরিশোধযোগ্য মোট বিলের পরিমান | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ভ্যাট কর্তনের পরিমান | আয়কর কর্তনের পরিমান | নীট টাকার পরিমান | মোট বিলের পরিমান (ভ্যাট ও আয়করসহ) |
| I NF-2020-21-305480-01 | ২৯,৪০,৮১৯.৩/- | ২৯,৩৯,৯৫২.৪২/- | ২,২০,৪৯৬/- | ৮৮,১৯৮/- | ২৬,৩১,২৫৮/- | ২৯,৩৯,৯৫২.৪২/- |
| সর্বমোট ঃ | ২৯,৪০,৮১৯.৩/- | ২৯,৩৯,৯৫২.৪২/- | ২,২০,৪৯৬/- | ৮৮,১৯৮/- | ২৬,৩১,২৫৮/- | ২৯,৩৯,৯৫২.৪২/- |

বর্ণিত প্রস্তাবনার সাথে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ২০২০-২০২১ অর্থ বছরের একটি কাজ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)এর আওতায় অনুমোদিত নিম্নবর্ণিত ০১ (এক)টি উপ-প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম করায় ঠিকাদারের বিল পরিশোধের অনুমোদন দেওয়ার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনাঃ- উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সেই সাথে কেউ যেন ভোগ্যপণ্যে কোন প্রকারের ভেজাল দিতে না পারে সেদিকে সবাইকে লক্ষ্য রাখতে হবে। তিনি আরও জানান যে, নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। খাদ্যে ভেজাল সংক্রান্ত কোন তথ্য জানার পর তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন, রাজৈরকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানদ্বয় ও বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ অন্যান্যদের আলোচনা ও সুপারিশ:-

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ রাজৈর, সভায় বলেন রাজৈর উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি'র ৯৫ টি কার্ড প্রতিটি ৫০০০/- (পাঁচ হাজার) টাকায় বিক্রয়ের বিষয়ে চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর এর সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে আলাদা আলাদা তদন্ত কমিটি গঠন করে দ্রুত কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। রাজৈর উপজেলা পরিষদের জন্য বরাদ্দকৃত জীপগাড়ীটি বর্তমানে ব্যবহার অনুপযোগি হয়ে পড়েছে। দ্রুত মেরামত করে ব্যবহার উপযোগি করা প্রয়োজন। স্থানীয় বাজারদর ও উপজেলা প্রকৌশলী, রাজৈর কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক উক্ত মেরামত কাজ বাস্তবায়নের জন্য সর্বমোট ৬,৬০,০০০/- (ছয় লক্ষ ষাট হাজার) টাকা প্রয়োজন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র ২৪.০৪.২০০৫ খ্রি তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩(৪৭২) নং স্মারকে জারীকৃত নির্দেশনা মোতাবেক বর্ণিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে পত্র প্রেরণ করার জন্য প্রস্তাব করেন। সকলকে নিয়ে সভা করে চলতি অর্থ বছরের এডিপি প্রকল্প চূড়ান্ত করা হবে। সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য কর্মকর্তা (সকল) ও ইউপি চেয়ারম্যান (সকল)কে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈরসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামতের প্রশাসনিক অনুমোদনের জন্য সিনিয়র সচিব/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন যে, দ্রুতই সভাকরে চলতি অর্থ বছরের এডিপি প্রকল্প চূড়ান্ত করা হবে। ভিজিডি নিয়ে লিখিত অভিযোগ পাওয়া গেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতি মাসের আইন শৃংখলা সভা এবং সাধারণ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সকল তথ্য নিয়মিত ওয়েব সাইটে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈরকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত</u> সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় জানান যে, গত অর্থ বছরে জনস্বাস্থ্য অফিস হতে ওয়াসব্লক তৈরির করা হয়েছিল চলমান ওয়াসব্লক নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈরকে অনুরোধ করেন। রাজৈর উপজেলায় হিসাবরক্ষণ অফিসার নাই। যিনি ভারপ্রাপ্ত রয়েছেন তিনি সপ্তাহে ০২ দিন বিকাল ০৩ ঘটিকার সময় আসেন। এতে রাজৈর উপজেলায় আসা সেবা প্রত্যাশিদের অসুবিধার সম্মুখিন হতে হয়। ডিসি স্যারের মাধ্যমে দ্রুত কার্যকরী ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। মাতৃত্বকালীন ভাতা প্রদানের অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর বলেন, সভা করে সমন্বয়পূর্বক সমতার ভিত্তিতে চলতি অর্থ বছরের এডিপি প্রকল্প তালিকা গ্রহণ ও বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন। রাজৈর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার যোগসাজসে পাইকপাড়া ইউনিয়নের দামেরচর গ্রামের অনেক পারভিন কর্তৃক প্রতিটি ৫০০০/- (পাঁচ হাজার) টাকায় ৯৫ টি ভিজিডি বিক্রয় করা হয়েছে। জরুরীভিত্তিতে তদন্ত কমিটি গঠন করে কার্যকরী ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। প্রতিটি দপ্তরে বাস্তবায়িত সকল বরাদ্দ সঠিকভাবে (বিধিমোতাবেক) বিভাজন করার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর কর্তৃক উপস্থাপিত সুনির্দিষ্ট অভিযোগের বিষয়ে দ্রুত তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। প্রতিটি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি নির্দেশনা ও জনসংখ্যার ভিত্তিতে ব্যবস্থা নেয়া হবে।

<u>সিদ্ধান্ত</u> চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর এর প্রস্তাব অনুযায়ী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, জন্মনিবন্ধন হতে ইউনিয়ন পরিষদের কোন আয় হয় না তথাপি ইউনিয়ন পরিষদ ১৫% ভ্যাট দিবে কিভাবে? ভিজিডি কার্ড প্রতিটি ইউনিয়নে বিধিমোতাবেক বিতরণ করার অনুরোধ করেন। ০৬ নং ওয়ার্ডের পূর্ব দুদি হতে পশ্চিম দুদি পর্যন্ত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ হারুনুর রশিদ তপন মিয়া'র নামে নাম করণের বিষয়ে গত ২১.১১.২০২২ খ্রি তারিখের ইউনিয়ন পরিষদের সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায় বর্ণিত রাস্তাটি বীর মুক্তিযোদ্ধা মোঃ হারুনুর রশিদ তপন মিয়া'র নামে নাম করণের জন্য সভায় প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরের এডিপি সমন্বয় করে প্রকল্প বাস্তবায়নের অনুরোধ করেন। ভিজিডি নিয়ে উপস্থাপিত অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেয়াসহ ভিজিডি সঠিকভাবে বরাদ্দ বিভাজন করার অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর সভায় জানান যে, জনসংখ্যার ভিত্তিতে সমন্বয় করে চলতি অর্থ বছরের এডিপির সকল প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের অনুরোধ করেন।

<u>সিদ্ধান্ত</u> বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউপি, রাজৈর সভায় জানান যে, গোয়ালবাথান টু কবিরাজপুর মহাবিদ্যালয় পর্যন্ত রাস্তাটি সংস্কারের জন্য টেন্ডার করা হয়েছে। [illegible]র দু-পাশের মরা গাছগুলি দ্রুত অপসারণ করা না হলে রাস্তা সংস্কার কাজ ব্যাহত হবে। একারণে দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৯৬৬

তারিখঃ ২৩/১১/২০২২ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। উপজেলা ............................................... কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান (সকল), ....................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
১১। অফিস কপি।

২৩/১১/২২

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

## উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### (পরিশিষ্ট-ক)

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৩। মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০৪। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর।
০৮। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। ডিজিএম পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
১৯। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২০। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২১। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২২। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর।
২৩। উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রাজৈর, মাদারীপুর।
২৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, রাজৈর।
২৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, রাজৈর, মাদারীপুর।
২৬। উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি), রাজৈর।
২৭। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, রাজৈর।
২৮। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
২৯। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩০। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩১। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩২। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৩। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৪। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৫। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
৩৬। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।

## অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### (পরিশিষ্ট-খ)

০১। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৪। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৫। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। জনাব কহিনুর বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
০৮। জনাব নাজলি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
০৯। জনাব ঊর্মি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১০। জনাব সেলিনা বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১১। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। ইসলামিক ফাউন্ডেশন, রাজৈর, মাদারীপুর।
১৪। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর ।
১৫। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।
১৬। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর, মাদারীপুর।